দৈনিক ইনকিলাব

তারিখ ..28 NOV 1991

পৃষ্ঠা... 2 ... কলাম ...

45

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে রক্তক্ষয়ী সংঘর্ষ বেঁধে যেতে পারে

।। চ, বি, রিপোর্টার ।।

২৭শে নভেম্বর।— চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে পুনরায় রক্তক্ষয়ী সংঘর্ষ বেঁধে যেতে পারে, এর কারণে বিশ্ববিদ্যালয় আবারো অনির্দিষ্টকালের জন্য বন্ধ হতে পারে। এদিকে জাতীয়তাবাদী ছাত্র দলের চঃ বিঃ শাখার নেতৃবৃন্দ সরকারের নিকট বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসনের জন্য আহ্বান জানিয়েছেন। নতুবা ছাত্র দলও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বৃহত্তর কর্মসূচী ঘোষণা করার হুমকি দিয়েছে।

সর্বদলীয় ছাত্র ঐক্য ও চাকসু নেতৃবৃন্দ অভিযোগ করেছেন, বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে শিবিরের 'সিরাজুস সালেহীন'

৭-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

বাহিনী সশস্ত্র অবস্থায় রয়েছে। আবার ইসলামী ছাত্র শিবির অভিযোগ করেছে সর্বদলীয় ছাত্র ঐক্য ১৪ আগস্টের ন্যায় পুনরায় সশস্ত্র হামলা চালাতে পারে।

অপরদিকে জাতীয়তাবাদী ছাত্র দলের চঃ বিঃ শাখার এক জরুরী সভায় বিশ্ববিদ্যালয় পরিস্থিতি অত্যন্ত ভয়াবহ আকার ধারণ করায় সরকারের প্রতি অচলাবস্থা নিরসনের আহ্বান জানিয়েছেন। সভায় বক্তারা বলেন, ইসলামী ছাত্র শিবির দীর্ঘকাল ধরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় আধিপত্যের রাজনীতি কায়েমের অপচেষ্টা চালাচ্ছে।

অপরদিকে ছাত্র দল বাদে সর্বদলীয় ছাত্র ঐক্য ও চাকসু আহূত লাগাতার ধর্মঘটের আজ পঞ্চম দিন অতিবাহিত হয়েছে। বিশ্ববিদ্যালয় এলাকা এখন থমথমে।